# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৬) সহো সিজদার জন্য ডানে একবার সালাম ফিরানো এবং পুনরায় তাশাহ্হুদ পড়া

(১৬) সহো সিজদার জন্য ডানে একবার সালাম ফিরানো এবং পুনরায় তাশাহ্হুদ পড়া :

ছালাতে ভুল করলে প্রায় মুছল্লী তাশাহ্হুদ পড়ে ডান দিকে একবার সালাম ফিরায়। অতঃপর সহো সিজদা দিয়ে আবার তাশাহ্হুদ পড়ে। এই আমল ছহীহ হাদীছ দ্বারা প্রমাণিত নয়। বিশেষ করে একদিকে সালাম ফিরানোর কোন দলীলই নেই। একেবারেই ভিত্তিহীন। আর সহো সিজদার পর তাশাহ্হুদ পড়া সম্পর্কে মাত্র একটি বর্ণনা এসেছে। সেটা আবার যঈফ।

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ النَّبِىَّ صَلَّى بِهِمْ فَسَهَا فَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ تَشَهَّدَ ثُمَّ سَلَّمَ.

ইমরান ইবনু হুছাইন থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) তাদেরকে নিয়ে ছালাত আদায় করেন এবং ভুল করেন। অতঃপর তিনি দুইটি সিজদা দেন এবং পুনরায় তাশাহহুদ পড়েন অতঃপর সালাম ফিরান।[1]

তাহক্বীক্ব : বর্ণনাটি যঈফ।[2] উক্ত হাদীছ ছহীহ হাদীছেরও বিরোধী। কারণ একই রাবী থেকে ছহীহ বুখারীতে হাদীছ বর্ণিত হয়েছে। কিন্তু সেখানে তাশাহ্হুদ পড়ার কথা নেই।[3]

অতএব উক্ত আমল পরিত্যাগ করতে হবে। ছালাতে তাশাহ্হুদে বসতে ভুলে গেলে কিংবা রাক‘আত কম-বেশী হলে অথবা রুকূ-সিজদা ছুটে গেলে ভুল সংশোধন করে নিবে। অতঃপর শেষ বৈঠকে তাশাহ্হুদ, দরূদ ও অন্য দু‘আ পড়ে শেষ করে সালাম ফিরানোর পূর্বেই দুইটি সহো সিজদা দিবে এবং সালাম ফিরাবে।[4] অথবা সালাম ফিরানোর পর দুইটি সিজদা দিবে এবং পুনরায় সালাম ফিরাবে।[5] সহো সিজদা দেয়ার পর তাশাহ্হুদ পড়তে হবে না।

## ফুটনোট

[1]. আবুদাঊদ হা/১০৩৯, ১/১৪৯ পৃঃ।

[2]. যঈফ আবুদাঊদ হা/১০৩৯, পৃঃ ৮৩; বিস্তারিত দ্রঃ তানক্বীহ, পৃঃ ৩৩২-৩৫।

[3]. বুখারী হা/৪৮২, ১/৬৯ পৃঃ, (ইফাবা হা/৪৬৬, ১ম খন্ড, পৃঃ ২৬১), ‘ছালাত’ অধ্যায়, অনুচ্ছেদ-৮৮; মিশকাত হা/১০১৭, পৃঃ ৯৩।

[4]. বুখারী হা/১২৩০; মুসলিম হা/১২৯২-১৩০০, ‘মসজিদ সমূহ’ অধ্যায়, অনুচ্ছেদ-২০; মিশকাত হা/১০১৮।

[5]. মুসলিম হা/১৩০২, ‘মসজিদ সমূহ’ অধ্যায়, অনুচ্ছেদ-২০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1931

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন